চুয়াডাঙ্গায় সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের বিক্ষোভ

সুইডেনে আগাম ঘোষণা দিয়ে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় ঈদুল আজহার দিনে পবিত্র কুরআন পোড়ানোর ঘটনার প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলার সদরের বেলগাছি রেলগেটে প্রতিবাদী বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে চুয়াডাঙ্গা জেলার দ্বীনি ও সেবামূলক সংগঠন সম্মিলিত উলামা কল্যাণ পরিষদ।

আজ শুক্রবার বাদ জুমা বেলগাছি রেল গেট সংলগ্ন ত্রিমুখী চত্বরে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদী সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন।প্রতিবাদী সমাবেশে বক্তারা বলেন, কুরআনের অবমাননা কোনো মুসলমানদের পক্ষে মেনে নেওয়া সম্ভব না। তাই আমরা এর প্রতিবাদে রাজপথে নেমে এসেছি। সুইডেনে এর আগেও এমন নিন্দনীয় অপরাধের ঘটনা ঘটেছে। কেন এমন ঘটনা বারবার ঘটছে তা বের করে যথাযথ ব্যবস্থা নেওয়া দাবি জানাচ্ছি আমরা।

বক্তারা বলেন, বিশ্বমানবতার মুক্তির সনদ হলো মহাগ্রন্থ আল কোরআন। এই মহাগ্রন্থের যেকোন ধরনের অবমাননা বিশ্ব মুসলিম বিনা চ্যালেঞ্জে ছেড়ে দেবে না । যারা কুরআনের অবমাননা করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই। বক্তারা আরও বলেন, সুইডেনে কুরআন পোড়ানো হয়নি, বরং বিশ্বের মুসলমানদের হৃদয় পোড়ানো হয়েছে। এই ঘটনায় গোটা বিশ্বের মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে। আমরা এটা কোনভাবেই মেনে নিতে পারছি না।

সরকারের কাছে দাবী জানিয়ে বক্তারা বলেন, সুইডেনের এই ন্যাক্কারজনক ঘটনার প্রতিবাদ জানানোয় বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানাই। সেই সাথে দাবী জানাচ্ছি, যতদিন পর্যন্ত সুইডেন সরকার বিশ্বের মুসলমানদের কাছে ক্ষমা প্রার্থনা না করবে ততদিন পর্যন্ত সুইডিশ দূতাবাস বন্ধ রাখা হোক এবং রাষ্ট্রীয় সকল সম্পর্ক ছিন্ন রাখা হোক।বিক্ষোভ মিছিল শেষে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা শহরে এক হাজার কুরআন শরীফের কপি বিতরণের ঘোষণা দিয়েছে নেতৃবৃন্দগণ।

আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে বক্তব্য রাখেন, মাওলানা

হাসানুজ্জামান, মাওলানা আব্দুর রশিদ রজব, মাওলানা মাহফুজুর রহমান মাফী, মাওলানা আমীর খসরু, মাওলানা সাইফুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন, মাওলানা জুনাইদ আল হাবিব, মাওলানা ফয়জুল্লাহ আল মুনির, মাওলানা জামাল উদ্দিন প্রমুখ।

দামুড়হুদায় তছিম মানবকল্যাণ ফাউন্ডেশন এর পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা

দামুড়হুদায় তছিম মানবকল্যাণ ফাউন্ডেশন এর কার্যনির্বাহী পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে। আজ শুক্রবার জুম্মার নামাজের পরে আনুষ্ঠানিক ভাবে সংস্থাটির উপজেলার সদাবরি কার্যালয়ে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। এতে সভাপতি নির্বাচিত হন ইঞ্জিনিয়ার মোঃ তছিম উদ্দিন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হন মো: ওয়ায়েছ কুরুনী।

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের সদাবরি গ্রামে প্রতিষ্ঠিত তছিম মানবকল্যাণ ফাউন্ডেশনের ৪ বছরের কার্যনির্বাহী পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। এটি একটি মানবিক সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠন। সংগঠনটি দশটি নীতি নির্ধারণের উপরে প্রতিষ্ঠিত। ৬৩ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটির তালিকা প্রকাশ করেছে সংগঠনটি। ২০১৬ সালে সংগঠনটি প্রথম ঢাকায় প্রতিষ্ঠিত হয়। পরে দামুড়হুদায় স্থানান্তরিত করে কার্যক্রম পরিচালনা করা হয়। ১৩/০৭/২৩ ইং তারিখে স্বেচ্ছাসেবী এই সংগঠনটি নতুন করে পূর্ণাঙ্গ কমিটি করেন এবং গতকাল শুক্রবার জুম্মার নামাজের পরে আনুষ্ঠানিকভাবে সংগঠনটির সদাবরি কার্যালয়ে পূর্ণাঙ্গ কমিটির তালিকা প্রকাশ করেন।

কমিটির উপদেষ্টা পরিষদে রয়েছেন ৭ জন। তারা হলেন মোঃ কামাল উদ্দীন (চেয়ারম্যান),শাহ মোঃ এনামুল করিম ইনু (সাবেক চেয়ারম্যান), মোঃ আব্দুল মালেক (বিশিষ্ট সমাজসেবক), মোঃ আরজুল্লাহ বিশ্বাস (সাবেক ইউ.পি সদস্য), মোঃ আব্দুর রব (সাবেক ইউ.পি. সদস্য), মোঃ জয়নাল আবেদীন এবং মোঃ আহসান উল্লাহ।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সিনিয়র সহসভাপতি মোছাঃ সানিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক শামীম হোসেন, সাংগঠনিক সম্পাদক মোঃ আমিরুল ইসলাম, কোষাধক্ষ্য মোঃ রিপন হোসেন (খাঁ), দপ্তর সম্পাদক মোহাম্মদ আলী, প্রচার ও প্রকাশনা সম্পাদক আলমগীর হোসেন, তথ্য ও প্রযুক্তি সম্পাদক ইয়াসির সারাফাত, শিক্ষা ও গবেষণা সম্পাদক জুবায়ের রহমান প্রমূখ।

দামুড়হুদায় তছিম মানবকল্যাণ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি ইঞ্জিনিয়ার মো: তছিম উদ্দিন বলেন, সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় সংগঠনটি সেবা ও মানবকল্যানমুখী কর্মকান্ডে সবসময় সক্রিয় থাকবে মর্মে আমি আশা করি। সংগঠনটি সুনিদির্ষ্ট কতগুলো লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছে। যার কারণে সকলেই স্বাচ্ছন্দ্যভাবে এখানে কাজ করতে পারবেন। সকলের আন্তরিক সহযোগিতা একান্ত ভাবে কাম্য।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সার্কিট হাউজ মাঠে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ ওবাইদুর রহমান চৌধুরী জিপু সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম।

শুরুতে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা। আলোচন সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন কারী শান্তি রহমান। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে উদ্বোধক হিসেবে বক্তব্য

সেচ্ছাসেবক লীগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ্ আল সায়েম,ঢাকা মহানগর আওয়ামী সেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান সুমন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামী সেচ্ছাসেবক লীগের সভাপতি আব্দুল হালিম ভূলন, চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক মাফিজুর রহমান মাফি

প্রথম অধিবেশন শেষে দ্বিতীয় অধিবেশনে একক সভাপতি প্রার্থী হিসেবে সৈয়দ ফরিদ আহমেদ কে সভাপতি ঘোষণা করে কেন্দ্রীয় নেতৃবৃন্দ। কিন্তু সাধারণ সম্পাদক হিসেবে পদপ্রার্থী ১১ জন তাদের জীবন বৃত্তান্ত জমা দেন। সকল সাধারণ সম্পাদক প্রার্থীকে নিদিষ্ট সময় দিয়ে একজন প্রার্থী বাঁচার কথা বলে কেন্দ্রীয় নেতৃবৃন্দ। সকল সাধারণ সম্পাদক প্রার্থীদের মতামতের ভিত্তিতে হাফিজুর রহমান হাফিজকে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষণা করেন কেন্দ্রীয় নেতৃবৃন্দ ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজাদুল ইসলাম, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু,চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আশাদুল হক বিশ্বাস, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা ও পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক মতিয়ার রহমান মতি।

দামুড়হুদা জয়রামপুর স্টেশন পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার জয়রামপুর স্টেশন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার দিকে মা সমাবেশ অনুষ্ঠিত

হয়েছে। সন্তানের প্রতি মায়ের দায়িত্ব ও করণীয় এবং সন্তানের কর্তব্যের গুরুত্ব বোঝাতেই এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রুমানা আফরোজ রিয়ার সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি মোঃ শহিদুল ইসলাম, সহ-সভাপতি ইকতিয়ার উদ্দিন,অবিভাবক সদস্য ও হাউলী ইউনিয়ন শাখা যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ,অবিভাবক সদস্য,মোঃ জামাল, মোসাম্মৎ ময়না খাতুন, মোছাম্মৎ চম্পা খাতুন ও হাউলী ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম- আহবায়ক মোঃ রায়হানুল ইসলাম রায়হান সহ ছাত্র ছাত্রী বিদ্যালয় শিক্ষার্থীদের মায়েরা।

এসময় উপস্থিত অতিথিরা বলেন মা একটি ছোট শব্দ হলেও মায়ের কাছে একজন সন্তান পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ, তেমনি একজন সন্তানের কাছে মা পৃথিবীর শ্রেষ্ঠ শিক্ষক, মা গুরুত্বপূর্ণ অধ্যায়, মা একটি জীবন, মা একটি পৃথিবী, মা তার সন্তানের জন্য ইহকাল, পরকাল। একজন সুশিক্ষিত মা পারেন একটি শিক্ষিত জাতির জন্ম দিতে।

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান গাঁজাসহ গ্রেফতার ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ০১ কেজি ৫০০ গ্রাম গাঁজাসহ ১ জনকে গ্রেফতার করেছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুনের দিক নির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলামের নেতৃত্বে এস আই সমীর চন্দ্র দাস সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন জুড়ান পুর ইউনিয়নের কলাবাড়ী গ্রামের মাঠপাড়া সাকিনস্থ মোছাঃ ঠেকারী, স্বামী- মৃত করিমন ঘটক এর বসত ঘরের পিছনে ফাঁকা জায়গা হইতে মৃত সাত্তার জোয়ার্দারের ছেলে মুকুল জোয়ার্দারকে ১ কেজি ৫০০ গ্রাম অবৈধ

মাদকদ্রব্য গাঁজা সহ আটক করে।

গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারন সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ মাসিক সাধারন সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকনুজ্জামান, উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মিজা প্রমুখ।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় দুই ফার্মেসী ব্যবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা অধিকারের অভিযানে দুই ঔষধ ফার্মেসী ব্যাবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা করা

হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্বে কার্পাসডাঙ্গা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে।

জানা যায় কার্পাসডাঙ্গা বাজারস্থ মেসার্স বিশ্বাস মেডিনোভা ফার্মেসিকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন এর ৫১ ধারা মোতাবেক ৫০,০০০/- হাজার টাকা জরিমানা করেন ও কার্পাসডাঙ্গা বাজারস্থ হায়দার ফার্মেসিকে একই অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন মোতােঊশ ৫,০০০/-হাজার টাকা জরিমানা করেন। অভিযান পরিচালনায় সহায়তা করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এ এস আই মসলেম উদ্দীন সহ সঙ্গীয় ফোর্স।

দর্শনা পৌরসভার ২০২৩-২৪ অর্থ বছরের উন্মক্ত বাজেট ঘোষণা

দর্শনা পৌরসভার ২০২৩-২৪ অর্থ বছরের উন্মক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে পৌরসভার সম্মেলন কক্ষে এক বাজেট সভা অনুষ্ঠিত হয়।

২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব ও বার্ষিক উন্নয়ন তহবিল হতে দর্শনা পৌরসভার (প্রস্তাবিত) বাজেট ঘোষনা করা হয়েছে মোট ২৬ কোটি ১ লক্ষ ৩ হাজার ৯১০ টাকা ৪৯ পয়সা ও ব্যায় ধরা হয়েছে ২৫ কোটি ৯৬ লক্ষ ১৫ হাজার ৮৪৪ টাকা।

এ উন্মক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহফুজুর রহমান মনজু।

দর্শনা পৌরসভার ইঞ্জিনিয়ার সাজেদুল ইসলামের সঞ্চলনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা সরকারী কলেজের উপাধ্যক্ষ ডা. মফিজুর রহমান, দর্শনা সরকারী কলেজের সাবেক উপাধ্যক্ষ মোশারফ হোসেন, হাজী জাহিদুল ইসলাম, সমাজ সেবক হাজী আকমত আলী।

দর্শনা রেলবাজার ব্যবসায়ী কমিটির সভাপতি টিপু সুলতান, এরশাদ আলী মাষ্টার, দর্শনা সোনালী ব্যাংক শাখার ম্যানেজার আব্দুল লতিফ। এ সভায় আরো উপস্থিত ছিলেন, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব ও দর্শনা পৌর আ.লীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আ.লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা শহিদুল ইসলাম, দর্শনা সিডিএলের পরিচালক আবু সুফিয়ান, আশরাফুল ইসলাম, দর্শনা রিকসা ও ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দার, সমাজ সেবক হাজী আব্দুল মমিন।

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার কাউন্সিলর কর্মচারী সহ রাজনৈতিক, সমাজিক ও গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

দামুড়হুদায় একসঙ্গে জন্ম নেওয়া ৪ নবজাতক মধ্যে টিয়া নামের নবজাতকের মৃত্যু

দামুড়হুদার বিষ্ণুপুর একসঙ্গে জন্ম নেওয়া ৪ নবজাতক দোয়েল কোয়েল ময়না ও টিয়ার মধ্যে টিয়া নামের নবজাতকের মৃত্যু হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে টিয়ার নানির বাড়ি আলমডাঙ্গার বন্দরভিটা থেকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার সময় পথের মধ্যে মৃত্যু হয়।

নিহত টিয়ার বাবা মাহাবুল জানান, আমার মেয়েগুলোকে দেখার জন্য শশুর বাড়ির লোকজনেরা আকুল হয়ে ছিল। তাই সেই আবদার রাখতে কোরবানি ঈদের চারদিন আগে গত ২৫শে জুন রবিবার

দোয়েল,কোয়েল,ময়না, টিয়াকে নিয়ে মেয়ের মা ও আমি তাদের নানির বাড়িতে বেড়াতে গিয়েছিলাম। ঈদের তৃতীয় দিন টিয়ার শরীরে ঠান্ডাজনিত অসুস্থতা দেখা দেয়, তাৎক্ষণিক দেরি না করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে শিশু বিশেষজ্ঞ মাহবুবুর রহমান মিলন ডাক্তারকে দেখায়, এরপর আবারও শশুর বাড়িতে রেখে আমি বাড়িতে চলে আসি।আমি বাচ্চারগুলোর দুধ নিয়ে নিয়মিত দেখতে যাই। ডাক্তারের পরামর্শ ও প্রেসক্রিপশন অনুযায়ী নিয়মিত চিকিৎসা চলছিল টিয়ার।

গতকাল বৃহস্পতিবার বিকাল চারটার দিকে হটাৎ অসুস্থ হলে আমাকে কল দেয়,সাথে সাথে দেরি না করে আমি গিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার পথে মারা যায়। এরপর লাশ গ্রামের বাড়ি বিষ্ণুপুর দক্ষিণ পাড়ায় নিজ বাড়িতে আনা হয়। ইউএনও স্যারের জানিয়েছিলাম তিনি দাফন সম্পন্ন করার অনুমতি দিয়েছিলেন,বাদ মাগরিব বিষ্ণুপুর দক্ষিণ পাড়া কবরস্থানে দাফন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতাকে ফোনে ঘটনাটি জানানো হয়, বিষয়টি শুনে তিনি খুব মর্মাহত হন। তিনি বলেন আমি চুয়াডাঙ্গায় ডিসির বদলি জনিত সংবর্ধনা অনুষ্ঠানে আছি। টিয়ার লাশ দাফনের জন্য পরিবারকে নির্দেশনা দেন ও পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং নিহতদের রুহের মাগফিরাত কামনা করেন। তিনি আজ শুক্রবার সকালে নিহত টিয়ার পরিবারেকে দেখতে আসবেন বলে জানিয়েছেন।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভায় এমপি টগর

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রতিটি মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ করে চলেছেন। ডিজিটাল বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট হবে দেশের স্বাস্থ্যসেবা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের স্বাধীন ভূ-খণ্ড এবং সংবিধান উপহার দিয়েছেন।বঙ্গবন্ধুর নির্দেশিত